# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 JANUARY 2025 7:45—7:55**

---

১) আগামীকাল থেকে সংসদের বাজেট অধিবেশন । বাজেট অধিবেশনের পূর্বে আজ সর্বদলীয় বৈঠক ।

২) মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার ডিগবয় ও চরাইদেও জেলার মাহমারায় মূখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের চেক বিতরণ ।

৩) রাজ্যে আগামী এপ্রিল মাস থেকে ২০২৭ সালের লোকগণনার প্রথম পর্যায়ের সমীক্ষা ।

এবং

৪) ব্যাঙ্কের কাজকর্ম সপ্তাহে ৫ দিন করা সহ অন্যান্য দাবীতে আজ বরাক উপত্যকার তিন জেলা সহ রাজ্যের বিভিন্ন জেলায় ব্যাঙ্ক কর্মচারীদের ধর্মঘট পালন ।

---

সংসদের বাজেট অধিবেশন আগামীকাল থেকে অনুষ্ঠিত হবে । দোসরা এপ্রিল এই অধিবেশনের সমাপ্তি হবে । রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূর সংসদের উভয় সভায় ভাষণের মাধ্যমে অধিবেশন শুরু হবে । আগামীকাল থেকে ১৩ ফেব্রুয়ারী পর্যন্ত অধিবেশনের প্রথম পর্যায় এবং ৯ মার্চ থেকে দোসরা এপ্রিল পর্যন্ত দ্বিতীয় পর্যায়ের কাজকর্ম চলবে । পয়লা ফেব্রুয়ারীতে অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ ২০২৬-২৭ বর্ষের কেন্দ্রীয় বাজেট উত্থাপন করবেন ।
বাজেট অধিবেশনের পূর্বে কেন্দ্রীয় সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু বেশকয়েকটি গুরুত্বপূর্ণ জাতীয় বিষয় সহ সভার কাজকর্ম সম্পর্কে আলোচনা করার উদ্দেশ্যে আজ

সকাল ১১ টায় এক সর্বদলীয় বৈঠকের আহ্বান করেন । এই বৈঠকে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং পৌরহিত্য করেন । কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা , সংসদীয় পরিক্রমা প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘাওয়াল এবং ড.এল মুরুগান এই বৈঠকে উপস্থিত ছিলেন । কংগ্রেসের জয়রাম রমেশ , ডি এম কের তিরুচি শিওয়া , তৃণমূল কংগ্রেসের সাগরিকা ঘোষ ,সমাজবাদী দলের সাংসদ রামগোপাল যাদবও এই বৈঠকে উপস্থিত ছিলেন । সংসদীয় পরিক্রমা মন্ত্রী কিরেন রিজিজু সংসদের এই অধিবেশন সম্পর্কে জানান---

বাইট

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ ডিগবয় এবং চরাইদেউ জেলার মাহমরায় মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনের হিতাধিকারীদের  চেক বিতরন করেন । মাহমরা বিধানসভা কেন্দ্রের গরৈমারী ক্রীড়া প্রকল্পে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ২৫ হাজার ৫৫১ জন মহিলাকে ১০ হাজার টাকা করে প্রথম কিস্তির চেক বিতরন করা হয় । অনুষ্ঠানে প্রদত্ত ভাষণে মুখ্যমন্ত্রী সরকারী অর্থের অপব্যবহার না করে এই অর্থ মূলধন হিসেবে নিয়ে ক্ষুদ্র ব্যবসা গড়ে তুলতে মহিলাদের প্রতি আহ্বান জানান । মুখ্যমন্ত্রী ঐ এলাকার সর্বাঙ্গীন উন্নয়নের জন্য বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রকল্পের সূচনা করা সহ নতুন প্রকল্পের শিলান্যাস করেন ।

মুখ্যমন্ত্রী আজ ডিগবয়ে ১৭ হাজার ২৬৪ জন মহিলাকে চেক বিতরণ করেন ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মহিলা সবলীকরণ এবং তাঁদের স্বাবলম্বী করে তোলার জন্য সরকারের এই অভিযান অব্যাহত থাকবে বলে উল্লেখ করেন ।

---

রাজ্যে আগামী এপ্রিল মাস থেকে অনুষ্ঠেয় ২০২৭ সালের লোকগণনার প্রথম পর্যায়ের সমীক্ষায় প্রত্যেকটি পরিবারকে ৩৩ টি প্রশ্নের উত্তর দিতে হবে । দেশের মহা পঞ্জীয়ক এবং লোকগণনার আয়ুক্ত দৈনন্দিন জীবনের সব বিষয় অন্তর্ভুক্ত করে ৩৩ টি প্রশ্ন নির্দ্ধআরণ করে দিয়েছেন । সরকারী সূত্রে প্রকাশিত তথ্য অনুযায়ি লোকগণনার প্রথম পর্যায়ে  বাসগৃহের বিবরণ , পানীয়জলের উৎস্য , শৌচাগার এবং স্নানাগারের ব্যবস্থা , বাহন , লেপটপ , মোবাইল ফোন , এল পি জি সংযোজক ব্যবস্থা , রান্নার গ্যাস ইত্যাদি বিষয়ে প্রশ্ন থাকবে ।লোকগণনার জন্য কয়েক হাজার গণনাকারী নিয়োগ করা হবে । এবার প্রথম ডিজিট্যাল পদ্ধতিতে ডাটা এনট্রি করা হবে এবং মোবাইল এ্যপের

মাধ্যমে তথ্য সমুহ সংগ্রহ করা হবে ।রাজ্যসরকার ইতিমধ্যে বিশ্বজিৎ পেগুকে লোকগণনা সঞ্চালক হিসেবে নিযুক্তি প্রদান করেছে ।

-----------------------------------------------------------------------------------

২০২৬ বর্ষের মাধ্যমিক পরীক্ষা আগামী ১০ থেকে ২৭ ফেব্রুয়ারী পর্যন্ত এবং উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষাগুলি আজ থেকে ৭ ফেব্রুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত হবে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা একথা জানিয়েছেন । এবারের মাধ্যমিক পরীক্ষায় ৭ হাজার ৩৫৫ টি বিদ্যালয়ের ৪ লক্ষ ৩৮ হাজার ৫৬৫ জন শিক্ষার্থী অবতীর্ণ হবে । উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষায় তিন হাজার ১০৩ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৩ লক্ষ ৩০ হাজার ৭৪৪ জন শিক্ষার্থী অবতীর্ণ হবে । মূখ্যমন্ত্রী ড.শর্মা পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার জন্য বিদ্যালয় শিক্ষা বিভাগের নীতি নিয়ম মেনে যাবতীয় ব্যাবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্টদের আহ্বান জানিয়েছেন । চলতি বছরের এই পরীক্ষাগুলি কেবল সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত করা সহ সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা তত্বাবধায়কের দায়িত্বে থাকবেন বলে মূখ্যমন্ত্রী জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------

ডিব্রুগড়ের বাণীপুর রেল ষ্টেশনে আজ অগ্নিকান্ড সংঘঠিত হওয়ার ফলে রেলের সময়সূচীর পরিবর্তন করা হয়েছে । বাণীপুর ষ্টেশনের পাশে থাকা প্রায় ২০ বিঘা উন্মুক্ত স্থানে আগুন লাগার ফলে ষ্টেশনটিও আগুনের কবলে পরে । এর ফলে চার ঘন্টা রেল চলাচল ব্যাহত হয় । অগ্নিনির্বাপক বাহিনী আগুন নেভানোর প্রয়াস অব্যাহত রেখেছে তবে শেষ খবর পাওয়া পর্যন্ত আগুন সম্পূর্ণরূপে নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি । আগুন লাগার প্রকৃত কারণ জানা যায়নি তবে কোন দুষ্কৃতকারী এই অগ্নিকান্ডের ঘটনা সংঘঠিত করতে পারে বলে সন্দেহ করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের বিভিন্ন জেলায় আজ ব্যাঙ্ক কর্মচারীরা ধর্মঘট পালন করেন । ব্যাঙ্কের কাজকর্ম সপ্তাহে ৫ দিন করা সহ অন্যান্য দাবীতে কর্মচারীরা আজ কর্মবিরতি পালন করেন ।
বরাক উপত্যকার তিন জেলার ব্যাঙ্ক কর্মচারীরাও আজ প্রতিবাদী কার্যসূচী পালন করেন । এরফলে জেলাগুলির ব্যাঙ্ক পরিষেবা বন্ধ ছিলো । কাছাড় ,শ্রীভূমি ও হাইলাকান্দি জেলার অধিকাংশ সরকারী ব্যাঙ্কিং পরিষেবা ব্যাহত হয়েছে । এরফলে গ্রাহকদের ব্যাঙ্কের লেন দেন প্রক্রিয়ায় সমস্যার সম্মুখীন হতে হয় ।সরকারী ব্যাঙ্কগুলিছাড়াও কয়েকটি বেসরকারী ব্যাঙ্কের কর্মচারীরাও এই ধর্মঘটে সামিল হন ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন ও শিলচর পৌর নিগমের যৌথ উদ্যোগে আজ শিলচর রাঙ্গিরখাড়ির সঞ্জয় মার্কেটে উচ্ছেদ অভিযান চালানো হয়েছে । কার্য্যবাহী ম্যাজিষ্ট্রেট ফুন লালন গির চোরেই এবং চক্র আধিকারীক সিদ্ধার্থ কুমারের নেতৃত্বে চালানো অভিযানে অনুমোদন বিহীন নির্মানগুলি ভেঙ্গে ফেলা হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে জনসাধারণের নিরাপত্তার ঝুঁকি এড়াতে এবং শিলচর শহরের স্বচ্ছতা বজায় রাখতে এধরনের অভিযান আগামীতেও চালানো হবে ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে কাছাড় জেলায়ও আজ ডিমাসাদের উৎসব বুসু ডিমা পালন করা হয়েছে । গ্রেটার শিলচর বুসু ডিমা উৎসব কমিটির উদ্যোগে আজ শিলচর রংপুরে এই উৎসব পালন করা হয়েছে । উৎসবে আসাম পুলিশের দক্ষিন আসাম রেঞ্জের ডি আই জি জয়শ্রী খেরসা , প্রাক্তন বিধায়ক রাজদীপ গোয়ালা , গুরুচরন বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক অভিজিৎ নাথ ,সমাজকর্মী অমল কান্তি বর্মন প্রমূখ উপস্থিত ছিলেন । উল্লেখ্য বুসু ডিমা একটি কৃষি ভিত্তিক উৎসব । কঠোর পরিশ্রম করে জুম চাষ করার পর ফসল তুলে এই উৎসব পালন করা হয়ে থাকে ।

---------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব ভারত হিন্দু মিলন মন্দিরের মূখ্য সংগঠক তথা ভারত সেবাশ্রম সংঘের গুয়াহাটী, লামডিং ও শিলচর শাখার অধ্যক্ষ স্বামী সাধনানন্দজী মহারাজ আগামীকাল ভারত সেবাশ্রম সংঘের মালিনী বিলে শ্রীশ্রী গুরু মহারাজের নব নির্মিত মন্দিরের শুভ শিলান্যাস করবেন । সকাল ১০টায় এই মন্দিরের শিলান্যাস করা হবে ।

---------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার পাবলিক একাউন্টস কমিটি আগামী বৃহস্পতিবার হাইলাকান্দি জেলা সফরে এসে জেলার উন্নয়নমূলক প্রকল্পগুলি সরজোমিনে পর্য্যবেক্ষন করবে । কমিটির সভাপতি বিধায়ক নুরুল হুদার নেতৃত্বে আসা এই দল জেলার পাঁচটি উন্নয়ন খন্ড বাস্তবায়িত গ্রামীন প্রকল্পের খোঁজ খবর নেবেন । প্রতিনিধি দলটি বিকেলে জেলা প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশ গ্রহন করবে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামী ২৯শে জানুয়ারী বদরপুর টেনিস গ্রাউন্ড কলোনির অখন্ড মন্ডলিতে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------

৭৯ তম সন্তোষ ট্রফী জাতীয় ফুটবল প্রতিযোগিতার আজ বেশ কয়েকটি খেলা অনুষ্ঠিত হয়েছে । আজ ঢকুয়াখানায় অনুষ্ঠিত গ্রুপ-বি’র একটি খেলায় কেরালা দল ওড়িশ্যা দলকে ১-০ গোলের ব্যবধানে পরাজিত করেছে ।ধেমাজীর চিলাপথারে অনুষ্ঠিত অন্য আরেকটি খেলায় রেলওয়ে দল পাঞ্জাব দলকে ২-০ গোলে পরাজিত করেছে । অন্যদিকে মেঘালয় এবং সার্ভিসেসের মধ্যে অনুষ্ঠিত খেলাটি ২-২ গোলে ড্র হয় । আগামীকাল ঢকুয়াখানার বিষ্টুরাম দলে ক্রীড়া ক্ষেত্রে আসাম দল রাজস্থানের বিরুদ্ধে খেলবে । উত্তরাখন্ড ও নাগালেন্ড এবং পশ্চিমবঙ্গ ও রাজস্থানের মধ্যে অন্য দুটি খেলাও আগামীকাল অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------